

অর্জন সমূহ

## বিগত তিন বছরের অর্জিত সাফল্য

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়,শৈলকুপা, ঝিনাইদহ বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। কর্মকর্তাগণের উদ্বাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুনগত মান উন্নয়নে এ বিভাগে উৎপাদনমুখী ও সেবামুখী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাত করনে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়েছে।

বিগত তিন অর্থ বছরে মোট ১৬ টি নতুন সমবায় গঠন করা হয়েছে এবং ৩২০ জন নতুন সমবায়ীকে সদস্যভুক্ত করা হয়েছে। বিগত ২০১৭-২০১৮ অর্থ বছরে ৬৬টি ২০১৮- ২০১৯ অর্থ বছরে ৪৬ টি ও ২০১৯-২০২০ অর্থ বছরে ৪৭টি সমবায়ের নিরীক্ষা সম্পন্ন করা হয়েছে।

২৭৫ জন সমবায়ী (পুরুষ) ও ৭৫ জন সমবায়ী (মহিলা) কে ভ্রাম্যমান প্রশিক্ষণের মাধ্যমে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্প সিভিডিপি-৩য় পর্যায় আরডিএ বগুড়া এর পৃষ্ঠপোষকতায় ৮জন মহিলাকে সেলাই প্রশিক্ষণ ,১জন পুরুষকে মোবাইল সার্ভিসিং ,১জন পুরুষকে ওয়েলডি ,২জন পুরুষ (মটর ড্রাইভিং),

৬জন পুরুষ প্লাস্টিং এবং পাইফ ফিটিংস ও ৮জন মহিলা (টেইলারিং) এন্ড গার্মেন্টস এছাড়াও রূপকল্প ২০২১ এসডিজি অর্জন এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্পের কিছু কার্যক্রম এ বিভাগে বাস্তবায়ন করা হচ্ছে। বাস্তবায়িত ও চলমান এ সকল প্রকল্পগুলোর মাধ্যমে বিগত ০৩ বছরে ২২০ জন গ্রামীণ মহিলা ও বেকার যুবককে স্বাবলম্বী করা হয়েছে।